আলমডাঙ্গায় মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কার্যক্রম শুরু

আলমডাঙ্গা উপজেলা পরিষদের হলরুমে মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কার্যক্রম শুরু হয়েছে । গতকাল শনিবার প্রথম দিন ৭০ জন ভাতা প্রাপ্ত মুক্তিযোদ্ধার যাচাই-বাছাই করা হয়েছে। যাচাই-বাছাই কমিটির সভাপতির দ্বায়িত্ব পালন করেন ৭১ সালে মুক্তিযুদ্ধকালীন গেরিলা কমান্ডার জামুকার প্রতিনিধি বীর মুক্তিযোদ্ধা আব্দুল হান্নান।

সদস্য সচিবের দায়িত্বে ছিলেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ লিটন আলী, এমপির প্রতিনিধি বীর মুক্তিযোদ্ধা শেখ নুর মোহাম্মদ জকু, জেলা প্রশাসকের প্রতিনিধি বীর মুক্তিযোদ্ধা খোসদেল আলী, সমাজ সেবা অফিসার আফাজ উদ্দিন।

এ ছাড়াও লাল মুক্তিবার্তা ও ভারতীয় তালিকা ভুক্ত মুক্তিযোদ্ধা বীর মুক্তিযোদ্ধা আব্দুল কুদ্দুস, বীর মুক্তিযোদ্ধা শফিউর রহমান জোয়ার্দার সুলতান, বীর মুক্তিযোদ্ধা রবিউল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা নুরুজ্জামান লাল্টু, বীর মুক্তিযোদ্ধা মইনদ্দিন আহম্মদ, প্রেস ক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম আজম।

সভায় মুক্তিযোদ্ধা মন্ত্রণালয়েরবিধি অনুসারে যাচাই-বাছাই কার্যক্রম চালানো হয়েছে বলে সদস্য সচীব উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী জানান। মোট ১শত ৩৮ জনের মধ্যে গতকাল শনিবার ৭০ জনের যাচাই করা হয়েছে।

আলমডাঙ্গায় বিটিএফ

প্যারামেডিক্যাল ও নার্সিং প্রশিক্ষণ ইনস্টিটিউটের উদ্বোধন

আলমডাঙ্গায় বিটিএফ প্যারামেডিক্যাল ও নার্সিং প্রশিক্ষণ ইনস্টিটিউটের উদ্বোধন করেন উপজেলা স্বাস্থ প.প. কর্মকর্তা ডাঃ হাদী জিয়াউদ্দিন আহম্মেদ।

গতকাল বিকেল সাড়ে ৩ টার দিকে আলমডাঙ্গা স্টেশন রোডে অবস্থিত বিটিএফ প্যারামেডিক্যাল ও নার্সিং প্রশিক্ষণ ইনস্টিটিউটের উদ্বোধনী সভায় সভাপতিত্ব করেন ইনস্টিটিউটের পরিচালক শাহাবুল হক। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ক্লাসের উদ্বোধন করেন ডাঃ হাদী জিয়াউদ্দিন আহম্মেদ।

তিনি বলেন আপনারা যারা এই প্রতিষ্ঠানে ভর্তি হয়েছেন তাদের কাছে অনুরোধ, আপনারা ঠিক ভাবে ক্লাস করবেন, হাতে কলমে কাজ শিখে নেবেন, আমাকে যখন ডাকবেন তখনই আমাকে পাবেন।

আজ আমি এসেছি, আপনাদের দেখতে, কারণ এই প্রতিষ্টানের নাম করে যেন কেউ প্রতারণা না করতে পারে। গ্রামের মানুষের সেবা করবেন, এতে অর্থও পাবেন, পাশাপাশি মানুষের সেবা করাও হবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, প্রেস ক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সম্পাদক হামিদুল ইসলাম আজম, জেলা পরিষদ সদস্য মিজানুর রহমান, পরিবার পরিকল্পনা অফিসের কর্মকর্তা শফিউদ্দিন, প্রেস ক্লাবের যুগ্ম-সম্পাদক প্রশান্ত বিশ্বাস। রেজাউল হকের উপস্থাপনায় আরও উপস্থিত ছিলেন, শিক্ষক রাজু আহম্মদ, গোলাম রহমান সদু, ফয়সাল আহম্মদ প্রমুখ।১৬ জন ছাত্র নিয়ে ক্লাস শুরু হয়।

কুষ্টিয়ায় জমির সীমানা সরানোকে কেন্দ্র করে সংঘর্ষ, আহত-৬

কুষ্টিয়ার সদর উপজেলার ইবি থানার উজান গ্রামে চাচাতো ভাইয়ের জমির সীমানা সরানোকে কেন্দ্র করে চাচাতো ভাইয়ের পরিবারের ৬ জন গুরুতর আহত হয়। এলাকাবাসি সূত্রে জানা জায় গতকাল শনিবার সকাল ৮ টার দিকে জমির সীমানা সরিয়ে অন্য যায়গায় দেওয়ার কারণে আপন চাচাতো ভাইয়ের দুই পরিবারের মধ্যে এই সংঘর্ষ হয়।

মোঃ হোসেন আলীর ও ছেলে মোঃ রবিউল ইসলামসহ তার পরিবারের লোকজন লাঠি ও ধারালো অস্ত্র নিয়ে চাচাতো ভাইদের উপর চড়াও হয়ে এলোপাতারী ভাবে মারধর ও কুপাতে থাকে।

এ সময় চাচাতো ভাইয়ের একই পরিবারের ৬ জন আহত হয়। আহতরা হলেন মোকাদ্দেস আলীর ছেলে মোঃ মতিয়ার (৪৫), মোকাদ্দেস আলীর স্ত্রী মোছাঃ রুজিনা খাতুন (৪০), মতিয়ারের ছেলে ইসমাইল হোসেন (২০), ছের আলীর ছেলে নুরুল ইসলাম, ওমর আলীর ছেলে মুসা হক (২৫), ও আলমগীর হোসেন।

এলাকাবাসী আহতদের ঘটনাস্থান থেকে উদ্ধার করে কুষ্টিয়া সদর হাসপাতালে ভর্তি করেন। আহতদের মধ্যে দুজনের অবস্থা আশঙ্কাজনক বলে জানা যায়।

খবর পেয়ে ইবি থানার পুলিশ ঘটনাস্থলে এসে সব কিছু নিয়ন্ত্রণে আনে। এ বিষয়ে ইবি থানায় মামলার প্রক্রিয়া চলছে।

দর্শনা পৌর নির্বাচনে আওয়ামী

লীগের জয়

তৃতীয় ধাপের পৌরসভা নির্বাচনে চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনায় আওয়ামী লীগের মনোনীত নৌকার প্রার্থী বর্তমান মেয়র মতিয়ার রহমান আবারও মেয়র নির্বাচিত হয়েছেন।

তিনি ১৭ হাজার ৭৪২ ভোট পেয়ে বেসরকারি ভাবে নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিন্দ্বন্দ¦◌ী হাবিবুর রহমান বুলেট পেয়েছেন ১ হাজার ৯১ ভোট ও জামায়াত সমর্থীত স্বতন্ত্র প্রার্থী আশকার আলী পেয়েছেন ৪১৮ ভোট।

এর আগে বেলা ১১ টার দিকে বিএনপির মনোনীত ধানের শীষের প্রার্থী হাবিবুর রহমান বুলেট ভোট বর্জন করেন। তার নির্বাচনী অফিসে সংবাদ সম্মেলনে জানান, দলীয় নেতাকর্মী সমর্থক দের ভোট কেন্দ্রে যেতে বাঁধা দেওয়া, ভয় দেখানো ও কেন্দ্র থেকে তার এজেন্টদের বেরকরে দেওয়ার কারণে ভোট বর্জন করা হলো।

গতকাল শনিবার সকাল ৮ টা থেকে ৯টি ওর্য়াডে ১৬ টি কেন্দ্রে ৮২ টি বুতে গোপন ব্যলটের মাধ্যমে বিকাল ৪টা পর্যন্ত শান্তিপূর্ণ পরিবেশে ভোট গ্রহণ চলে। শনিবার রাতে জেলা নির্বাচন অফিসার ও রিটানিং কর্মকর্তা তারেক আহম্মেদ ফলাফল ঘোষণা করেন।

উপজেলা নির্বাহী অফিসার নির্বাহী ম্যাজিট্রেট দিলারা রহমান বলেন, ভোট কেন্দ্র ও এর আশপাশে কড়া নিরাপত্তা ব্যবস্থার মধ্যে শান্তিপূর্ণ পরিবেশে গ্রহণ করা হয়েছে। কোন কেন্দ্রে কোন ধরণের অনিয়ম হয়নি বা কোনো প্রকার অপ্রীতিকর ঘটনা ঘটেনি।

জীবননগরে শীতার্ত মানুষের মাঝে চাদর বিতরণ

জীবননগরে শীতার্ত মানুষের মাঝে শীত নিবারনের জন্য চাদর বিতরণ করা হয়েছে। গতকাল শনিবার সন্ধ্যা সাড়ে ৭টার সময় জীবননগর উপজেলা

প্রশাসনের আয়োজনে জীবননগর শহরসহ উপজেলার ৩০ জন মানুষের মাঝে এ চাদর বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস.এম মুনিম লিংকন, উপজেলা সমবায় অফিসার মতেহার হোসেন, সেচ্ছাসেবী সংগঠন শিকড় সমাজকল্যাণ সংস্থার চুয়াডাঙ্গা জেলা কমিটির সাধারণ সম্পাদক মিঠুন মাহমুদ, জীবননগর উপজেলা শাখার সভাপতি তুহিনুজ্জামান, সাধারণ সম্পাদক লাবনী, সদস্য ঐশ্বর্য সাহা, এ আর ডাবলু, মুতাসিন হোসেন প্রমুখ।

হরিণাকুণ্ডুতে নৌকার জয়

ঝিনাইদহের হরিণাকুণ্ডু পৌরসভার ভোটে সংর্ঘষের সময় ১ জন আহত এবং ১ জনের ছয় মাসের কারদণ্ড হয়েছে। নির্বাচনে নৌকা প্রতীকের ফারুক হোসেন বিজয়ী হয়েছে।

নির্বাচনে ৫নং মান্দারতলা জোড়াপুকুরিয়া কেন্দ্রের নৌকা প্রতীকের এজেন্টেকে কুপিয়ে গুরতর আহত করা হয়েছে। বর্তমানে তাকে উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠান হয়েছে এবং প্রতিপক্ষ কাউন্সিলর প্রার্থীকে আটক করা হয়েছে।

এছাড়া ৯নং চটকাবাডিয়া ভোটকেন্দ্রে অবৈধভাবে প্রবেশ ও প্রভাব বিস্তারের অভিযোগে রাজু আহমেদ নামে এক যুবলীগ নেতাকে ৬ মাসের কারাদণ্ড ও পাঁচ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরও ১৫ দিনের কারাদণ্ড প্রদান করা হয়েছে।

গতকাল শনিবার দুপুরে ঝিনাইদহে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আসাদুর জামান এই আদেশ দেন। রাজু ঝিনাইদহ শহরের আরাপপুর এলাকার রুস্তম আলীর ছেলে এবং তিনি জেলা যুবলীগের যুগ্ম-আহ্বায়ক। হরিনাকুণ্ডু থানার ওসি আব্দুর রহিম মোল্লা খবরের সত্যতা স্বীকার করেন।

এদিকে হরিনাকুণ্ডু সরকারি বালিকা বিদ্যালয় ভোট কেন্দ্রে জাল ভোট দেওয়ার সময় অন্তরা খাতুন ও শাপলা খাতুন নামে দুই কিশোরীকে পুলিশ আটক করে। পরে তাদের মুচলেকা দিয়ে পরিবারের কাছে হস্তান্তার

করা হয়। শাপলা পাইলট স্কুলের একাদশ শ্রেণির ছাত্রী তার পিতার নাম গোলাম বারী।

অন্যদিকে অন্তরা খাতুন চটকাবাডিয়া গ্রামের হাসেম আলীর মেয়ে। ঝিনাইদহ সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার আবুল বাশার খবরের সত্যতা স্বীকার করেন।

বাঙালির হাজার বছরের ঐতিহ্যবাহী সংস্কৃতির সঙ্গে মিশে আছে পিঠা

বৃহত্তর ফরিদপুর জেলা সমিতি কুষ্টিয়ার যুগপুর্তি উপলক্ষ্যে পিঠা উৎসবের আয়োজন করা হয়েছে।

গতকার শনিবার সন্ধ্যায় কুষ্টিয়া পৌরসভা অডিটোরিয়ামে এ পিঠা উৎসবের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কুষ্টিয়ার জেলা প্রশাসক মো: আসলাম হোসেন।

এ সময় তিনি বলেন, বাঙালির হাজার বছরের ঐতিহ্যবাহী সংস্কৃতির সঙ্গে মিশে আছে পিঠা। যখনই পিঠা-পায়েস, পুলি কিংবা নাড়ুর কথা উঠে তখনি যেন শীত ঋতুটি আমাদের চোখে ও মনে ভেসে ওঠে। শহুরে জীবনে এ ধরণের পিঠা উৎসবের আয়োজন প্রতিনিয়ত করা উচিত। তবেই আমরা বাঙ্গালির ঐতিহ্য ধরে রাখতে পারবো।

তিনি আরও বলেন, বাঙালির চিরাচরিত ঐতিহ্য বর্তমান প্রজন্মের সামনে তুলে ধরতেই এই পিঠা উৎসবের আয়োজন। এটি সত্যিই আমাদের পুরোনো দিনের কথা মনে করিয়ে দেয়। হরেক রকমের পিঠার স্বাদ আমরা উপভোগ করছি। বৃহত্তর ফরিদপুর জেলা সমিতি এইপিঠা উৎসব করার জন্য ধন্যবাদ।

এ সময় কুষ্টিয়ার পুলিশ সুপার এস এম তানভীর আরাফত, বৃহত্তর

ফরিদপুর জেলা সমিতি কুষ্টিয়ার সভাপতি ও কুষ্টিয়ার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)) লুৎফুন্নাহার, সাধারণ সম্পাদক হয়েছেন সাংবাদিক আ.ফ.ম নুরুল কাদের, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ওবায়দুর রহমান, স্থানীয় সরকারের উপ-পরিচালক মৃণাল কান্তি দে, কুষ্টিয়া সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) জোবায়ের হোসেন চৌধুরী, ভেড়ামারা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) নসোহেল মারুফসহ এই আয়োজনে উপস্থিত বৃহত্তর ফরিদপুর জেলা সমিতির সদস্যরা উচ্ছ্বাস প্রকাশ করেছেন।

তারা জানান, এই ধরণের আয়োজন খুব প্রয়োজন। বিশেষ করে এই শহরে হয়ত বাড়িতে বাড়িতে পিঠা তৈরি হয়, কিংবা রাস্তার মোড়ে ভাঁপা পিঠা তৈরি করা হয়। কিন্তু শহরে একযোগে ঐতিহ্য তুলে ধরার কাজটি হয়নি। এই আয়োজন যেন নিয়মিত হয় এমন প্রত্যাশাও ব্যক্ত করেন অতিথিরা।

পরে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হয়।

মেহেরপুরে মউক সংস্থার বিরুদ্ধে সংবাদ সম্মেলন

মেহেরপুরের গাংনীতে বেসরকারি সংস্থা মানব উন্নয়ন কেন্দ্র মউকের বিরুদ্ধে অবৈধ পন্থায় সেকেন্ড চান্স এডুকেশন প্রকল্প পাওয়ার প্রতিবাদে সংবাদ সম্মেলন করা হয়েছে।

গতকাল শনিবার বিকেল ৩টার দিকে গাংনী রুরাল ভিশন সংস্থার সভাকক্ষে সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। গাংনী উপজেলা এনজিও ফোরাম সংবাদ সম্মেলনের আয়োজন করে। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন রুরাল ভিশন সংস্থার পরিচালক আনোয়ারুল ইসলাম।

লিখিত বক্তব্যে তিনি বলেন, বর্তমান সরকার বাংলাদেশের সকল জেলায় শিক্ষা থেকে ঝরে পড়া শিশুদের হাতে-কলমে মিক্ষা দানের জন্য সেকেন্ড এডুকেশন নামের একটি শিক্ষা প্রকল্প গ্রহণ করেছে। তারই ধারাবাহিকতায় মেহেরপুর জেলার ৩টি উপজেলায় এ প্রকল্প কাজ করবে। যেখানে একটি জেলায় কমপক্ষে ৩-৪টি এনজিওকে সমন্বতিকভাবে প্রকল্পটি

বাস্তবায়নের জন্য বলা হয়েছে।

সেক্ষেত্রে স্থানীয় মউক এনজিও তথ্য গোপন ও আর্থিক লেনদেনের মাধ্যমে প্রকল্পটির কাজ করার জন্য নিয়োগ নিয়েছে। সংবাদ সম্মেলনে বলা হয়েছে জামায়াত-বিএনপি মনা এজেন্ট খ্যাত মউক এনজিওকে প্রকল্পটির কাজ করতে দেয়ায় এলাকায় নানাভাবে কানাঘেষা শুরু হয়েছে।

এদিকে সরকারিভাবে নিয়ম আছে যে, শিশু শিক্ষার্থী ঝরে পড়াদের নিয়ে কমপক্ষে ১০ বছর কাজ করেছে এমন স্থানীয় এনজিওকে সেকেন্ড এডুকেশন প্রকল্প দেয়ার কথা। সেখানে নিয়ম-নীতি উপেক্ষা করে মউক এনজিওকে প্রকল্পটি দেয়া হয়েছে। মউক এনজিও ৪০-৫০ লক্ষ টাকার ভুয়া ব্যাংক সনদ দাখিল করেছে।

এ সংস্থাটির গঠনতন্ত্রে ঝরে পড়া শিশু শিক্ষার কোন অনুমোদিত নাই। আইসিটি এইচআর আর্থিক পলিসি চাইল্ড প্রটেকশন পলিসি ও ল্যাব নাই। সংস্থাটি ২০১০ সালে প্রতিবন্ধী, এতিম ও দুস্থদের কোরবানীর গোস্ত বিতরণের নামে মুসলিম এইডের ৩০ লক্ষ টাকা আত্মসাত করে।

এছাড়াও ২০০৩ সালে ভোটার শিক্ষার নামে জামায়াত-বিএনপির নির্বাচনে সহযোগিতা করেছিল। ২০১২ সালে সরকারের সামাজিক বনায়নের গাছ কেঁটে সংস্থার পরিচালক জেল খেটেছিলেন। ২০০৬ সালে মেহেরপুর জেলার শিশু শিক্ষার্থীদের বৃত্তি দেয়ার নামে ব্যাংক ড্রাফট গ্রহণ করে ১০ লক্ষ টাকা বিএনপি সরকারের ছত্রছায়ায় থেকে আত্মসাৎ করে।

এডাব নামের একটি প্রতিষ্ঠান থেকে ১০ লক্ষ টাকা ঋণ নিয়ে টাকা আত্মসাৎ করে। সংবাদ সম্মেলনে আরো বলা হয় সেকেন্ড চান্স এডুকেন প্রকল্প জামাত-বিএনপি মনা এনজিও মউকের মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন করা হলে, বছরব্যাপী বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হবে। কর্মসূচির মধ্য রয়েছে ১০ হাজার গণ স্বাক্ষর সংগ্রহ, জেলা প্রশাসকের মাধ্যমে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান, জাতীয় প্রেস ক্লাবের সামনে মানববন্ধন ও শিক্ষা সচিব বরাবর অভিযোগপত্র প্রদান।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন সিআরসি’র পরিচালক এনামুল হক, শোভা সংস্থা পরিচালনা পর্ষদের সভাপতি আব্দুল হালিম, ভিটাপাড়া নারী কল্যাণ সমিতির পরিচালক আছমা খাতুনসহ বিভিন্ন সংস্থার পরিচালক ও বিভিন্ন মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

আওয়ামী লাীগ এর দলীয় মনোনয়ন পেলেন আশরাফুল

ঝিনাইদহের কালীগঞ্জ পৌরসভার নির্বাচনে আবারও মেয়র পদে আ. লীগের নৌকা প্রতীকের দলীয় মনোনয়ন পেলেন পৌরসভার বর্তমান মেয়র আশরাফুল আলম আশরাফ।

গতকাল শনিবার (৩০ জানুয়ায়ী) পঞ্চম ধাপের পৌর নির্বাচনে বাংলাদেশ আওয়ামী লীগ মনোনয়ন বোর্ডের প্রার্থী বাছাই সভাতে মেয়র প্রার্থী হিসেবে আশরাফুল আলম আশরাফের নাম চুড়ান্ত করা হয়।

কালীগঞ্জ পৌরসভার নির্বাচনে এবারে আ. লীগ থেকে দলীয় মনোনয়ন পেতে বেশ কয়েকজন হেভিওয়েট প্রার্থী দলীয় ফরম সংগ্রহ করেছিলেন।

মনোনয়ন প্রত্যাশীরা হলেন বর্তমান মেয়র আশরাফুল আলম, সে¦চ্ছাসেবক লীগের সাহেদ কবির লিমন, সাবেক মেয়র মোস্তাফিজুর রহমান বিজু, আব্দুর রশিদ খোকন, জেলা পরিষদ সদস্য সোহেল আহমেদ ও পৌর আওয়ামী লীগ এর প্রচার সম্পাদক প্রশান্ত কুমার খাঁ।

উল্লেখ্য, আগামী ২৮ ফেব্রুয়ারি ঝিনাইদহের মহেশপুর ও কালীগঞ্জ পৌরসভার নির্বাচন অনুষ্ঠিত হবে।

কালীগঞ্জে ১০ম শ্রেণির

ছাত্রীকে ধর্ষণ করায়

আত্মহত্যার চেষ্টা, থানায়

মামলা

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার দশম শ্রেণির এক ছাত্রীকে ধর্ষণের অভিযোগ উঠেছে। গত বৃহঃবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে জামাল ইউনিয়নের গুটিয়ানি গ্রামে সোলার প্লান্ট (সেচ প্রকল্প) ভিতরে ঘটনাটি ঘটে।

স্থানীয় সূত্রে জানা গেছে, নলডাঙ্গা ইব্রাহিম মাধ্যমিক বিদ্যালয়ের ১০ম শ্রেণির ছাত্রী মামা বাড়ি থেকে ফেরার পথে একই গ্রামের মৃত অশ্বিন বিশ্বাসের ছেলে যুগল(৩৮) রাস্তার ধারে অবস্থিত মাদ্রাসার কাছ থেকে ছাত্রীকে জোর পূর্বক মাঠের ভিতর সোলার প্লান্টে নিয়ে যায়।

স্থানীয় ঝন্টু, হাসানসহ অনেকের উপস্থিতি টের পেয়ে যুগল ছাত্রীকে সেচ পাম্পে তালা দিয়ে পালিয়ে যায়। লোক লজ্জার ভয়ে স্কুল ছাত্রী ঘরের ভিতরে থাকা ঘাস পোড়া কীটনাশক সেবন করে আত্মহত্যার চেষ্টা করে। পরিবারের সহায়তার তাকে উদ্ধার করে কালীগঞ্জ স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়।

যুগল এই সেচ পাম্পের কেয়ার টেকার এবং গুটিয়ানী কালী মন্দিরের সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করে আসছে। যুগল নিজেকে ধর্মীয়গুরু হিসেবে পরিচয় দিতে বেশি পছন্দ করে। মন্দিরের অর্থ আত্মসাৎ, একাধীক নারী কেলেংকারিসহ স্থানীয়দের মাঝে তিনি বেশ সমালোচিত।

কালীগঞ্জ থানার অফিসার ইনচার্জ মাহফুজুর রহমান মিয়া জানান, এ ঘটনাকে কেন্দ্র করে মামলা হয়েছে, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।